রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, আগস্ট ৭, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**

**বেসরকারিকরণ ও বিরাষ্ট্রীয়করণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৪/১৩ জুলাই ২০১৭

**নং ২৪.০০.০০০০.২০২.১৮.০০৫.১২.৩৩৮**—যেহেতু, Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (P.O. No. 27 of 1972) এর প্রথম তফসিলভুক্ত ২৪নং ক্রমিক এ উল্লিখিত ফৌজি চটকল জুট মিলস্ লিঃ, ঘোড়াশাল, পলাশ, নরসিংদী অতঃপর উক্ত কোম্পানি বলে উল্লিখিত এর সকল শেয়ার ও অন্যান্য স্বত্ব সরকারে ন্যস্ত ছিল, এবং

যেহেতু, ২৫-০৯-১৯৮৩ তারিখে শিল্পনীতির শর্তসমূহ প্রতিপালন করে সরকার উক্ত কোম্পানির সাথে সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তি ও বিজেএমসি এবং সংশ্লিষ্ট ব্যাংক ও সরকারের সাথে সম্পাদিত হস্তান্তর চুক্তিমূলে মিল গ্রহীতাগণ মিলের বিপরীতে সরকার ও সরকারের আর্থিক প্রতিষ্ঠানসমূহের যাবতীয় দায়-দেনা পরিশোধ করার জন্য চুক্তিবদ্ধ হয়ে মিলের ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ করে, এবং

যেহেতু, ফৌজি চটকল জুট মিলস্ লিঃ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সেনা কল্যাণ সংস্থা মিলের ১০০ ভাগ সম্পদ ও দায়-দেনা জনাব মোহাম্মদ হুমায়ন কবীর মোল্লা এর নিকট বিক্রির জন্য ২৬-১১-১৯৯৪ তারিখের ৮০৬৭নং স্মারক মূলে মন্ত্রণালয়ের অনাপত্তির জন্য আবেদন করেন, এবং

যেহেতু, পাট মন্ত্রণালয়ের ১৯-০৭-১৯৯৫ তারিখের ৪৪৩নং স্মারকে আগ্রহী ক্রেতা কর্তৃক সরকার ও ফৌজি চটকলের মধ্যে ২৫-০৯-১৯৮৩ তারিখে দ্বি-পাক্ষিক এবং একই তারিখে সরকার, বিজেএমসি ও চটকলের মধ্যে সম্পাদিত ত্রি-পাক্ষিক চুক্তির সকল শর্ত মেনে চলায় ২৩-০৪-১৯৯৪ তারিখে সম্পাদিত নোটারাইজড অংগীকারনামা এবং শেয়ার মূলধনের অপরিশোধিত অবশিষ্ট ৪৯ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ ১০ লক্ষ টাকা নির্ধারিত ব্যাংকে ০৬-০৮-১৯৯৫ তারিখে জমা করা এবং অবশিষ্ট ৩৯ লক্ষ টাকা ০৬-০৮-১৯৯৫ তারিখ হতে পরবর্তী তিন বছরের মধ্যে সমান ৩ কিস্তিতে পরিশোধের শর্তে ফৌজি চটকলের মালিকানা আগ্রহী ক্রেতা জনাব মোহাম্মদ হুমায়ন কবীর মোল্লা এবং জনাব মোহাম্মদ ইকবাল কবীর মোল্লার নিকট বিক্রির প্রস্তাবে সরকারের অনাপত্তি জ্ঞাপন করা হয়, এবং



**মূল্য** ঃ টাকা ৪.০০

যেহেতু, শেয়ার মূলধনের অবশিষ্ট টাকা পরিশোধের জন্য ২৩-০৯-১৯৯৬, ০৩-১১-১৯৯৬, ২১-০৬-১৯৯৮, ১১-০৬-২০০০, ২৯-০৩-২০০১, ১২-০৯-২০০১, ১০-১১-২০০১, ০৮-০৯-২০০৫ ও ০৬-১০-২০০৫ তারিখে পত্র দেওয়া হলেও মিলের নতুন ক্রেতা উক্ত অর্থ পরিশোধ করেনি, এবং

যেহেতু, সরকারের সাথে সম্পাদিত দ্বি-পাক্ষিক ও ত্রি-পাক্ষিক চুক্তি অনুযায়ী সরকার, বিজেএমসি ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের পাওনা পরিশোধের জন্য ০৮-১২-১৯৯৬, ০৩-১২-১৯৯৭, ০৫-০১-২০০২, ২৩-০২-২০১২, ২৯-০৪-২০১২ এবং ২৪-১২-২০১৬ তারিখে পরিশোধের জন্য পত্র দেওয়া সত্ত্বেও পাওনা পরিশোধ করেনি, এবং

যেহেতু, দায়-দেনা পরিশোধ না করে এবং দীর্ঘ সময় যাবৎ মিল বন্ধ রেখে উৎপাদন বৃদ্ধি না করে চুক্তিপত্রের শর্ত ভংগ করেছে, এবং

যেহেতু, মিল কর্তৃপক্ষ দীর্ঘদিন যাবৎ মিল পরিচালনা না করে বন্ধ অবস্থায় ফেলে রেখেছে, হাজার হাজার শ্রমিক-কর্মচারীকে তাদের কর্মসংস্থান হতে বঞ্চিত করে রেখেছে, এতে মিল হস্তান্তরের উদ্দেশ্য ব্যাহত হয়েছে এবং হস্তান্তর চুক্তি লংঘিত হয়েছে; এবং

সেহেতু, জনস্বার্থে Contract Act 1872 (IX of 1872) এর ৩৯নং ধারা অনুযায়ী ২৫-০৯-১৯৮৩ খ্রিস্টাব্দ তারিখে সম্পাদিত মিল হস্তান্তর চুক্তিদ্বয় (দ্বিপাক্ষিক ও ত্রিপক্ষীয়) বাতিল করা হলো। এতদ্বারা ফৌজি চটকল জুট মিলস্ লিঃ, ঘোড়াশাল, পলাশ, নরসিংদী কারখানাটিসহ উক্ত কোম্পানির যাবতীয় শেয়ার, স্থাবর-অস্থাবর সম্পত্তি ও স্বত্ব সরকার কর্তৃক অদ্য ১৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ/২৯ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ তারিখে পুনঃগ্রহণ (Take Back) করা হলো এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মিলটি ব্যবস্থাপনার নিমিত্ত এ মন্ত্রণালয়ের আওতাধীন রাষ্ট্রায়ত্ব সংস্থা বাংলাদেশ পাটকল করপোরেশন (বিজেএমসি) নিয়ন্ত্রণে ন্যস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রীনা পারভীন**
অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd